

## নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ৩৫তম আসর ২২ মে শুরু

- A Monitor Desk Report

Date: 18 January, 2026



ঢাকা: আগামী ২২ থেকে ২৫ মে অনুষ্ঠিত হবে নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ৩৫তম আসর। ১৯৯২ সালে দেশের বাইরে বাংলা ভাষার বই ঘিরে যাত্রা শুরু করা এই মেলা এ বছর ৩৫ বছরের মাইলফলক স্পর্শ করছে।

‘যত বই, তত প্রাণ’ স্লোগান নিয়ে আন্তর্জাতিক পরিসরে বাংলা বইমেলাটি গত কয়েক বছরের মতো এবারও যুক্তরাষ্ট্রের নিউ ইয়র্কের জ্যামাইকা পারফর্মিং আর্টস সেন্টারে এই মেলা অনুষ্ঠিত হবে।

ঢাকায় জাতীয় প্রেসক্লাবের জহর হোসেন চৌধুরী হলে এক সংবাদ সম্মেলনে এসব তথ্য জানান মেলার আয়োজক সংস্থা মুক্তধারা ফাউন্ডেশন।

সংবাদ সম্মেলনে স্বাগত বক্তব্য রাখেন ৩৫তম নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা ২০২৬-এর আহ্বায়ক, অর্থনীতিবিদ ড. নজরুল ইসলাম। তিনি বলেন, “এবারের বইমেলা একটি গুরুত্বপূর্ণ মাইলফলক। ৩৫ বছরের এই যাত্রাপথে এসে আমরা চাই বাংলা ভাষার এই মেলাকে যুক্তরাষ্ট্রের মূলধারার সঙ্গে আরও গভীরভাবে সংযুক্ত করতে। বাংলা ভাষা ও বাংলা ভাষার বইকে আন্তর্জাতিক পরিসরে আরও বিস্তৃতভাবে তুলে ধরতে আমরা নানা চিন্তা ও পদক্ষেপ গ্রহণ করছি। আশা করছি, সবার সহযোগিতায় বরাবরের মতো এবারও একটি সফল আয়োজন সম্পন্ন করতে পারবো।”

সংবাদ সম্মেলনে মুক্তধারা ফাউন্ডেশনের সভাপতি অধ্যাপক ডা. জিয়াউদ্দিন আহমেদ বলেন, “নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা বইমেলা সবচেয়ে আনন্দের দিক হলো বাংলা বইকে কেন্দ্র করে পুরো আমেরিকার বাংলা ভাষাভাষী বইপ্রেমীদের একটি শক্তিশালী মেলবন্ধন তৈরি হয়। এতে শুধু বাংলাদেশ বা পশ্চিমবঙ্গের লেখকরাই নন, ইউরোপসহ বিশ্বের বিভিন্ন দেশে ছড়িয়ে থাকা লেখক ও পাঠকরাও যুক্ত হন। মূল ভূখণ্ড থেকে অনেক দূরে থেকেও বাংলা ভাষাকে ভালোবেসে সবাই একত্রিত হন। প্রতি বছর এই মেলায় কলেবর বাড়ছে এবং আরও বেশি বাংলা ভাষাভাষী মানুষ এর সঙ্গে যুক্ত হচ্ছেন এটি সত্যিই আনন্দের।”

সংবাদ সম্মেলনে লেখক সাদাত হোসাইন বলেন, “দেশের বাইরে বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি চর্চায় নিউ ইয়র্ক আন্তর্জাতিক বাংলা

বইমেলা বাঙালির প্রাণকেন্দ্রে পরিণত হয়েছে।”

ডা. ফারুক আজমের সঞ্চালনায় অন্যদের মধ্যে বক্তব্য রাখেন ডা. মঈনউদ্দীন মুনশী, কানাডা প্রবাসী লেখক জসিম মল্লিক, জাতীয় প্রেসক্লাবের সভাপতি ও কালের কণ্ঠ সম্পাদক কবি হাসান হাফিজ, কথাসাহিত্যিক সাদাত হোসাইন, মীর হাকিম, মনিরুল হক (প্রকাশক, অনন্যা), আলমগীর সিকদার লোটন (প্রকাশক, আকাশ পাবলিশার্স), অংকুর প্রকাশনার মেজবাহ উদ্দিন আহমেদ এবং দেলওয়ার হাসান (প্রকাশক, আবিষ্কার)।

এছাড়া মুক্তধারা ফাউন্ডেশনের পক্ষে সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন ফাউন্ডেশনের কার্যকরী কমিটির সদস্য ও ২০২৬ বইমেলায় অর্থ কমিটির প্রধান ডা. ফাতেমা আহমেদ এবং কার্যকরী কমিটির সদস্য কবি ইউসুফ রেজা।

-B